মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/জেএসসি/২০১৭/ ৯৮২২

তারিখঃ ২৫ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
০৯ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

২০১৭ সালের জেএসসি পরীক্ষার বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাভুক্ত সকল বিদ্যালয় প্রধান ও সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, ২০১৭ সালে অনুষ্ঠেয় জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ফরম **online** এ পূরণ ও প্রযোজ্য ফি বরিশাল শিক্ষাবোর্ডে প্রেরণ করার সময়সূচি ও নিয়মাবলি নিম্নরূপ ঃ

ক্রমিক		বিবরণ	তারিখ
১	ক	বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েব সাইটে (www.barisalboard.gov.bd) শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা প্রদর্শন	২৬/০৭/২০১৭
	খ	প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online এ ফরম পূরণ করার তারিখ	২৭/০৭/২০১৭ ০২/০৮/২০১৭
	গ	বিলম্ব ফি ছাড়া ফরম পূরণের শেষ তারিখ	০৩/০৮/২০১৭
	ঘ	বিলম্ব ফি ছাড়া টি.টি করার শেষ তারিখ	০৪/০৮/২০১৭
	ঙ	২৫/- (পঁচিশ) টাকা বিলম্ব ফি সহ ফরম পূরণের শেষ তারিখ	০৭/০৮/২০১৭
	চ	বিলম্ব ফি সহ টি. টি করার শেষ তারিখ	০৮/০৮/২০১৭
	ছ	চূড়ান্ত তালিকা বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েব সাইটে প্রদর্শন	১২/০৮/২০১৭
	জ	জেএসসি নিবন্ধনে যে password ব্যবহার করা হয়েছে সেই password দিয়ে online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে। ক) প্রতিষ্ঠানসমূহ বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে Panel Link এ গিয়ে e-FF (JSC 2017) এ ক্লিক করে EIIN ও password দিয়ে login করে Temporary EFF List এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্নদিয়ে পরীক্ষার্থী Select করতে হবে। অনিয়মিত ছাত্রের ক্ষেত্রে লিষ্টে ১, ২ বিষয় অকৃতকার্য তথ্য থাকবে সাথে সাথে সব বিষয় পরীক্ষা দিবার তথ্যও থাকবে তাই অনিয়মিত ছাত্রের বেলায় ১, ২ বিষয় নাকি সব বিষয় পরীক্ষা দিবে সেটা সতর্কতার সহিত দেখে তারপর টিক দিতে হবে। খ) উক্ত হার্ডকপি Temporary EFF List এ টিক চিহ্নিত পরীক্ষার্থী তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Temporary EFF List থেকে Select করতে হবে। গ) সকল শিক্ষার্থী সিলেক্ট করে একবারই Submit দেয়া যাবে। ২য় বার Submit করার কোন সুযোগ নেই। কোন অবস্থায় ১ জন কিংবা ২ জন শিক্ষার্থী সিলেক্ট করে Submit দেয়া যাবেনা। ঘ) Submit করার পর EFF Payment এ ক্লিক করে TT Slip প্রিন্ট করে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) জমা দিতে হবে।	
	ঝ	online এ eEIF সংশোধন ও নতুন অন্তর্ভুক্তি (২০১৭ সালের জেএসসি পরীক্ষার পরীক্ষক হওয়ার জন্য)	২৭/০৭/২০১৭ ০৫/০৮/২০১৭
২		পরীক্ষার ফি এর হার ক) পরীক্ষার ফি, প্রতি পরীক্ষার্থী ১০০.০০ টাকা খ) কেন্দ্র ফি, প্রতি পরীক্ষার্থী (কেন্দ্র নির্ধারণ হওয়ার পর শিক্ষাপ্রতিষ্ঠান সংশ্লিষ্ঠ কেন্দ্রসচিবকে প্রদান করতে হবে) ১৫০.০০ টাকা	
৩		পরীক্ষার মাধ্যম : বাংলা/ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সনের পরীক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিষয় কোড ও পরীক্ষার্থী সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর দপ্তরে হাতে হাতে ০১/০৮/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে পরীক্ষার্থীদের কোনো অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।	

৪	ক	পাঠ্যসূচি: এনসিটিবি থেকে গেজেটে প্রকাশিত ২০১৭ সালের অনুমোদিত বইসমূহ ৮ম শ্রেণির পাঠ্যবই হিসেবে বিবেচিত হবে।
	খ	২০১৫ ও ২০১৬ সালের রেজি:ধারী অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষা এনসিটিবির অনুমোদিত ২০১৫ ও ২০১৬ সালের পাঠ্যসূচি অনুযায়ী প্রণীত প্রশ্নে অনুষ্ঠিত হবে।
	গ	২০১৬ সালের রেজি:ধারী পরীক্ষার্থীরা ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
	ঘ	যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে এক থেকে তিন বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ইচ্ছে করলে ইতোপূর্বে অকৃতকার্য বিষয়গুলো অথবা সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ের পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় তাদের অংশ গ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি, পূর্বে উত্তীর্ণ বিষয়সমূহের সংরক্ষিত জিপির সাথে যোগ করে তাদের জিপিএ নির্ধারণ করা হবে।
৫		জিপিএ উন্নয়ন: কেবল ২০১৬ সালের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়ে জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে ২০১৭ সালের সিলেবাসে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার মূল প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি আবেদনের সাথে জমা দিতে হবে।
৬		শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন: এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতা/অভিভাবকের বদলি/যুক্তিসঙ্গত অন্য কোনো কারণে নিয়মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে, শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের সকল প্রামাণ্য কাগজপত্র (সত্যায়িত ফটোকপি) সহ আবেদন করতে হবে।
৭		পরীক্ষায় অংশগ্রহণের বিষয়/বিষয়সমূহ: শিক্ষার্থীর রেজি:কার্ড/প্রবেশপত্রে উল্লিখিত বিষয়/বিষয়সমূহেই তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজি:কার্ড/প্রবেশপত্র বহির্ভূত কোনো বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয়সমূহ বাদ দিয়েই তার ফল প্রকাশ করা হবে।
৮		রেজি: নবায়ন: ২০১৫ সেশনের শিক্ষার্থী ২০১৬ সালের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য (৪র্থ বিষয় বাদে) হয়েছে তারা ২৫/০৭/২০১৭ তারিখের মধ্যে ২০০/- টাকা ফি সহ রেজিস্ট্রেশন নবায়ন সাপেক্ষে ঐ এক বিষয়ে ২০১৭ সালের জেএসসি পরীক্ষা দেয়ার জন্য ফরম পূরণ করতে পারবে।
৯		বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০১৭ সালের জেএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৯.০৭.১৭

প্রফেসর মো: আনোয়ারুল আজিম-৯৭৭২
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
ফোন ঃ ০৪৩১-৬৪০৮৫

স্মারক নং বশিবো/পনি/জেএসসি/২০১৭/ ২৮২২

তারিখঃ ২৫ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
০৯ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
০৫। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
০৬। সহকারী মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, কর্পোরেট শাখা, পূর্ব বগুড়া রোড, বরিশাল
০৭। সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
০৮। বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান।
০৯। বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট
১০। সংরক্ষণ নথি

09.07.17

অরুন কুমার গাইন-১০২৬০
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০৪৩১-৬৫১৮২